# ১৮/০১/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাং সেলিম উদ্দিন<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ১৮/০১/২০২৪ খ্রি. |
| সময় | : | বিকাল ৩:৩০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোহাং সেলিম উদ্দিন এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সদস্য সচিব অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মো: আব্দুল কাইয়ূমকে সভার আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, গত ১৯/১২/২০২৩ তারিখে অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-১ এর আলোকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণায়ের হালনাগাদকৃত বাজেট কাঠামো, ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন এবং ২০২৫-২৬ হতে ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণের উপর গত ১৮/০১/২০২৪ তারিখে ২য় বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় সুপারিশ গৃহীত হয়েছে। বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ; বাজেট ব্যবস্থাপনা কমিটিতে অনুমোদনের আবশ্যকতা রয়েছে। পরবর্তীতে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) কে নির্দেশনা দেন। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**আলোচ্যসূচি-০১: ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের নিমিত্ত বিভাজন অনুমোদন:**

অর্থ বিভাগের জারিকৃত বাজেট পরিপত্র-১ এ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার প্রাক্কলন ও বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি ও প্রস্তাবিত ব্যয়সীমার প্রক্ষেপণের জন্য নিম্নরূপভাবে সিলিং নির্ধারণ করা হয়েছে:

**রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১০২.২৩ | ১০৫.২৯ | ১১০.৫৬ | ১১৬.০৯ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৪২৩৯.৮৮ | ৪৪১৮.৫৪ (তন্মধ্যে বৈদেশিক ঋণ/অনুদান ১৭০০.০০ কোটি টাকা) | ৪৭২৭.৮৪ | ৫০৫৮.৭৯ |

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ থেকে জারিকৃত বাজেট পরিপত্র-১ এ চলতি বছরের চেয়ে ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি ২.৯৯% এবং প্রস্তাবিত ব্যয়সীমা ৪.২১% এবং অনুরূপভাবে ২০২৫-২৬ অর্থবছরে ৭% ও ২০২৬-২৭ অর্থবছরে ৭% বৃদ্ধি ধরে প্রক্ষেপণ নির্ধারণ করা হয়েছে। যাচাই করে দেখা যায় যে, ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা হতে বৈদেশিক ঋণ/অনুদান বাদ দিয়ে জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশে ব্যয়সীমা অবশিষ্ট থাকে (৪৪১৮.৫৪- ১৭০০.০০) ২৭১৮.৫৪ কোটি টাকা। তাছাড়া, ২০২৪-২৫ অর্থবছরের বৈদেশিক ঋণ/অনুদান বাবদ চাহিদার তুলনায় (১৭০০.০০ - ১৫৫২.৬৭) ১৪৭.৩৩ কোটি টাকা বেশি বরাদ্দ দেয়া হয়েছে।

এ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে সভায় উপস্থিত দপ্তর/সংস্থার প্রধানগণ জানান, জিওবি পরিচালন ও উন্নয়ন অংশে যে প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে তা চাহিদার তুলনায় কম। মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের উন্নয়ন প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার লক্ষ্যে চাহিদা মোতাবেক অর্থ সংস্থানের উপর গুরুত্বারোপ করেন। অধিকাংশ সদস্যই বৈদেশিক ঋণের অবশিষ্ট ১৪৭৩৩.০০ লক্ষ টাকা জিওবি উন্নয়ন খাতে স্থানান্তরের বিষয়ে মতামত প্রদান করেন।

এ পর্যায়ে উপসচিব (বাজেট) বলেন, অর্থ বিভাগের নির্ধারিত সিলিং-এর আলোকে গত ১৮/০১/২০২৪ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর ২য় সভায় একটি বিভাজন প্রণয়ন করা হয়। সভায় সচিবালয় এবং অধীন দপ্তর/সংস্থার চাহিদা ও BWG সভার সিদ্ধান্তের আলোকে ২০২৪-২৫ সালের প্রাক্কলন জিওবি (পরিচালন) ১৯১৫৫৪.০০ লক্ষ টাকা, জিওবি (উন্নয়ন) ৮০৩০০.০০ লক্ষ টাকা এবং পিএল (উন্নয়ন) ১৫৫২৬৭.০০ লক্ষ টাকা বাবদ সর্বমোট ৪২৭১২১.০০ লক্ষ টাকা অনুমোদন করা যেতে পারে।

অর্থ বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, আগামী ২২ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে iBAS++ এ Entry সম্পন্ন করতে হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভাপতি সভার উদ্দেশ্যে বলেন যে, অর্থ বিভাগ থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে পরিচালন, উন্নয়ন এবং বৈদেশিক ঋণ/অনুদানের জন্য যে প্রাক্কলন ও প্রক্ষেপন দেয়া হয়েছে আপাততঃ তার অতিরিক্ত ব্যয় বিভাজনের সুযোগ নেই।

অত:পর বিস্তারিত আলোচনান্তে সচিবালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ-এর বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন:

**অর্থ বিভাগ হতে সচিবালয়সহ অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সচিবালয় | ৭.৮৯ | ৪.০০ | ৫.০০ | ৬.০০ |
| মৎস্য অধিদপ্তর | ২৮৭৯.৯৬ | ২৮৬৬.০০ | ৩১১৫.৯১ | ৩২৭১.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৭২৫৯.৭০ | ৭৫৮২.৮০ | ৭৮৫৩.৮৯ | ৮২৪৬.৮০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৬৫.০০ | ৬৬.০০ | ৭১.০০ | ৭৫.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২০ | ০.২০ | ০.২০ | ০.২০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| **সর্বমোট** | **১০২২২.৭৫** | **১০৫২৯.০০** | **১১০৫৬.০০** | **১১৬০৯.০০** |

## প্রাপ্ত ব্যয়সীমা (বৈদেশিক ঋণ/অনুদানসহ) সচিবালয়সহ অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
| সচিবালয় | | | | | | |
| মোট পরিচালন | ৫৫২০৬.২১ | ৬৩৩৮২.৯৪ | ৬০১৬৩.০০ | ৩২১৯.৯৪ | ১৩৯৮৪৮.০০ | ১৬২০৪১.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন (জিওবি+পিএল) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন থোক) | ৭১৪.০০ | ২০০০.০০ | ৮০০.০০ | ১২০০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট থোক (জিওবি+পিএল) | ৭১৪.০০ | ২০০০.০০ | ৮০০.০০ | ১২০০.০০ | ০.০০ | ০.০০ |
| সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএল+থোক) | ৭১৪.০০ | ২০০০.০০ | ৮০০.০০ | ১২০০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫৫৯২০.২১** | **৬৫৩৮২.৯৪** | **৬০৯৬৩.০০** | **৪৪১৯.৯৪** | **১৩৯৮৪৮.০০** | **১৬২০৪১.০০** |
| মৎস্য অধিদপ্তর | | | | | | |
| মোট পরিচালন | ৩৬৫৬৪.০০ | ৪২৩৬৬.৩৩ | ৩৯৬১৭.০০ | ২৭৪৯.৩৩ | ৫৮৪৩১.০০ | ১২৮৮৩১.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১৯১১৬.০০ | ২৯৪১০.০০ | ২৭৫৮৯.০০ | ১৮২১.০০ | ২৭৫৩৯.০০ | ১৪৯৬.০০ |
| পিএল (উন্নয়ন) | ৬৪৯৭৪.০০ | ৫২৮১৭.০০ | ৫২৮১৭.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৮৪০৯০.০০ | ৮২২২৭.০০ | ৮০৪০৬.০০ | ১৮২১.০০ | ২৭৫৩৯.০০ | ১৪৯৬.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১২০৬৫৪.০০** | **১২৪৫৯৩.৩৩** | **১২০০২৩.০০** | **৪৫৭০.৩৩** | **৮৫৯৭০.০০** | **১৩০৩২৭.০০** |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | | | | |
| মোট পরিচালন | ৭৮৪১৯.০০ | ৮৩৯০৪.০০ | ৮০০০০.০০ | ৩৯০৪.০০ | ১১১৬৪৬.০০ | ১৮৮১৯৪.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৪৪৫৮৬.০০ | ৪৯২৮২.০০ | ৩৮৯২২.০০ | ১০৩৬০.০০ | ১১৯৯০০.০০ | ৯০০০.০০ |
| পিএল (উন্নয়ন) | ১০৩৫০১.০০ | ১০২৪৫০.০০ | ১০২৪৫০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৪৮০৮৭.০০** | **১৫১৭৩২.০০** | **১৪১৩৭২.০০** | **১০৩৬০.০০** | **১১৯৯০০.০০** | **৯০০০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **২২৬৫০৬.০০** | **২৩৫৬৩৬.০০** | **২২১৩৭২.০০** | **১৪২৬৪.০০** | **২৩১৫৪৬.০০** | **১৯৭১৯৪.০০** |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | | | | |
| মোট পরিচালন | ১৬০৪.০০ | ১৬৭০.০০ | ১৬৩০.০০ | ৪০.০০ | ২০৪০.০০ | ২১০০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৬০৪.০০** | **১৬৭০.০০** | **১৬৩০.০০** | ৪০.০০ | **২০৪০.০০** | **২১০০.০০** |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | | | | |
| মোট পরিচালন | ৬৩৭.০০ | ৭২২.৯২ | ৬৬০.০০ | ৬২.৯২ | ৯০১.০০ | ৯৪২.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | **০.০০** | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬৩৭.০০** | **৭২২.৯২** | **৬৬০.০০** | ৬২.৯২ | **৯০১.০০** | **৯৪২.০০** |
| **(স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | | | | |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | | | | | | |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ৪২৩২.০০ | ৪৬৩৪.৫৭ | ৪৬১০.০০ | ২৪.৫৭ | ৬০৪৮.০০ | ৬৪৬৮.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৪৬০০.০০ | ৬১৯৯.০০ | ৩৯০০.০০ | ২২৯৯.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৪৬০০.০০ | ৬১৯৯.০০ | ৩৯০০.০০ | ২২৯৯.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৮৮৩২.০০** | **১০৮৩৩.৫৭** | **৮৫১০.০০** | **২৩২৩.৫৭** | **৬০৪৮.০০** | **৬৪৬৮.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|
| | বাজেট | দপ্তর/ সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট | | | | | | |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ৪৪৪৩.০০ | ৪৮৮৫.০০ | ৪৭০০.০০ | ১৮৫.০০ | ৬২০৩.০০ | ৬৫৬২.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৪৪৪৩.০০** | **৪৮৮৫.০০** | **৪৭০০.০০** | **১৮৫.০০** | **৬২০৩.০০** | **৬৫৬২.০০** |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | | | | ০.০০ | | |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ১৬৮.০০ | ১৯৬.০০ | ১৭৪.০০ | ২২.০০ | ২২৮.০০ | ২৪৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৬৮.০০** | **১৯৬.০০** | **১৭৪.০০** | **২২.০০** | **২২৮.০০** | **২৪৫.০০** |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | | | | | | |
| মোট সহায়তা (সরকারি অংশ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৫২২৪.০০ | ১৮২১৬.০০ | ৯০৮৯.০০ | ৯১২৭.০০ | ০.০০ | ০.০০ |
| পিএল (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ৫২২৪.০০ | ১৮২১৬.০০ | ৯০৮৯.০০ | ৯১২৭.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫২২৪.০০** | **১৮২১৬.০০** | **৯০৮৯.০০** | **৯১২৭.০০** | **০.০০** | **০.০০** |
| | | | | | | |
| **সর্বমোট (পরিচালন)** | **১৮১২৭৩.২১** | **২০১৭৬১.৭৬** | **১৯১৫৫৪.০০** | **১০২০৭.৭৬** | **৩২৫৩৪৫.০০** | **৪৯৫৩৮৩.০০** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৭৪২৪০.০০** | **১০৫১০৭.০০** | **৮০৩০০.০০** | **২৪৮০৭.০০** | **১৪৭৪৩৯.০০** | **১০৪৯৬.০০** |
| **মোট পিএল (উন্নয়ন)** | **১৬৮৪৭৫.০০** | **১৫৫২৬৭.০০** | **১৫৫২৬৭.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট উন্নয়ন (জিওবি+পিএল)** | **২৪২৭১৫.০০** | **২৬০৩৭৪.০০** | **২৩৫৫৬৭.০০** | **২৪৮০৭.০০** | **১৪৭৪৩৯.০০** | **১০৪৯৬.০০** |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | **৪২৩৯৮৮.২১** | **৪৬২১৩৫.৭৬** | **৪২৭১২১.০০** | **৩৫০১৪.৭৬** | **৪৭২৭৮৪.০০** | **৫০৫৮৭৯.০০** |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) বাজেট পরিপত্র-১ এ ধার্যকৃত সিলিং এর আলোকে ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয়সীমার প্রক্ষেপণ সম্বলিত প্রণীত বিভাজন অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন খাতের জন্য বৈদেশিক ঋণ/অনুদান ১৭০০০০.০০ লক্ষ টাকা থেকে ১৫৫২৬৭.০০ লক্ষ টাকা নির্ধারণপূর্বক অবশিষ্ট ১৪৭৩৩.০০ লক্ষ টাকা জিওবি (উন্নয়ন) খাতে স্থানান্তর করার জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

গ) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুসারে অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ বিভাজন, অর্থ বিভাগের পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১ হতে অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১ হতে অংশ-৬.৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে মিল রেখে এবং অর্থ বিভাগের টেম্পলেট অনুযায়ী প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়;

ঘ) এ মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের সম্মতি ও বৈদেশিক ঋণ/অনুদান অংশের বরাদ্দ বিষয়ে পরিকল্পনা কমিশন ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন;

ঙ) সচিবালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুমোদিত বাজেট বিভাজন অনুযায়ী আগামী ২২/০১/২০২৪ তারিখের মধ্যে iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাং সেলিম উদ্দিন
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)